গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিচালকের দপ্তর
ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, মিরপুর-১৪, ঢাকা-১২০৬।

নং-ঢাডেকহা/এইচ-১/(পিজিটি)/২০২১/৪০৯ তারিখঃ ০৩/০৫/২০২১ইং।

## "বিজ্ঞপ্তি"

অত্র দপ্তরের স্মারক নং-ঢাডেকহা/এইচ-১(পিজিটি)/২০২১/৪০৪, তারিখঃ ২৮/০৪/২০২১ ইং মূলে ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালের জুলাই/২০২১ ইং হইতে ০৬(ছয়) মাসের জন্য (অবৈতনিক) স্নাতকোত্তর পিজিটি প্রশিক্ষণ গ্রহণের নিমিত্তে বেসরকারী ডেন্টাল সার্জনদের নিকট হইতে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। ভর্তি ফরম ও পরীক্ষার ফি বাবদ ১,২০০/-(এক হাজার দুইশত) টাকা (অফেরতযোগ্য) জমা দিয়ে ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতালের অফিস কক্ষ থেকে আগামী ০৮/০৫/২০২১ ইং তারিখ হইতে ৩১/০৫/২০২১ ইং তারিখ পর্যন্ত ভর্তি ফরম সংগ্রহ ও জমা দেওয়া যাইবে এবং ০২/০৬/২০২১ ইং তারিখ হইতে পরীক্ষার দিন সকাল ৯.০০ ঘটিকা পর্যন্ত প্রবেশপত্র সংগ্রহ করা যাইবে। প্রার্থী নির্বাচনের জন্য আগামী ০৪/০৬/২০২১ ইং রোজ-শুক্রবার সকাল ১০.০০ ঘটিকা হইতে ১১,০০ ঘটিকা পর্যন্ত ০১(এক) ঘন্টা ব্যাপি অত্র কলেজ ও হাসপাতাল ক্যাম্পাসে লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইবে। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চুড়ান্ত বলিয়া বিবেচিত হইবে। উল্লেখ্য যে, সকল কার্যক্রম স্বাস্থ্যবিধি মেনে সম্পন্ন করা হইবে।

### নিম্নলিখিত বিভাগ সমূহে প্রশিক্ষনার্থী নেওয়া হইবে ঃ

| | | | |
|---|---|---|---|
| ০১। | ওরাল এন্ড ম্যাক্সিলোফেসিয়াল সার্জারী বিভাগ | ঃ | ১০০ জন |
| ০২। | কনজারভেটিভ ডেন্টিষ্ট্রি বিভাগ | ঃ | ১০০ জন |
| ০৩। | অর্থোডন্টিকস্ বিভাগ | ঃ | ৪০ জন |
| ০৪। | প্রস্থোডন্টিকস বিভাগ | ঃ | ৪০ জন |
| ০৫। | চিলড্রেন, প্রিভেনটিভ এন্ড কমিউনিটি ডেন্টিষ্ট্রি বিভাগ | ঃ | ৪০ জন |
| ০৬। | পেরিওডন্টোলজী এন্ড ওরাল প্যাথলজী বিভাগ | ঃ | ৪০ জন |

**প্রত্যেক প্রার্থীকে পছন্দের ক্রমানুসারে ৬টি বিষয়ের উল্লেখ করিতে হইবে । যাহাদের পিজিটি প্রশিক্ষণ অত্র হাসপাতালে ০১ (এক) বৎসর সম্পন্ন হইয়াছে তাহাদের আবেদন করার প্রয়োজন নাই।**

[বিঃ দ্রঃ] যাহাদের ইন্টানী প্রশিক্ষণ ৩০/০৬/২০২১ ইং তারিখের পূর্বে শেষ হইবে শুধুমাত্র তাহারাই পিজিটি ভর্তি পরীক্ষার জন্য আবেদন করিতে পারিবে। পিজিটি পরীক্ষায় অংশগ্রহনের জন্য আবেদনপত্রের সহিত নিম্নেবর্ণিত কাগজপত্রাদি অবশ্যই জমা দিতে হইবে।

ক) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি।
খ) বিডিএস পরীক্ষায় পাশের সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।
গ) ১ম বর্ষ হইতে সমাপনী বর্ষ পর্যন্ত সকল মার্কশিটের সত্যায়িত ফটোকপি।
ঘ) ইন্টার্নশীপ ট্রেনিং সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি (অবশ্যই দাখিল করিতে হইবে)।
ঙ) বিএমডিসি এর সাময়িক/স্থায়ী রেজিস্ট্রেশন সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি। (অবশ্যই দাখিল করিতে হইবে)।

পিজিটি প্রশিক্ষণে যোগদানের সময় মূল ইন্টার্নী সনদপত্র এবং বিএমডিসির মূল/সাময়িক সনদপত্র জমা দিতে হইবে।

Unit Head
Dental Unit
06/05/2021

(অধ্যাপক ডাঃ মোহাম্মদ বোরহান উদ্দিন হাওলাদার)
পরিচালক ও সভাপতি
পি,জি,টি ভর্তি কমিটি জুলাই/২০২১ইং
ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল,মিরপুর-১৪,ঢাকা-১২০৬।

নং-ঢাডেকহা/এইচ-১/(পিজিটি)/২০২১/৪০৯ তারিখঃ ০৩/০৫/২০২১ইং।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হইল ঃ

০১। অধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, মিরপুর-১৪,ঢাকা-১২০৬।
০২। অধ্যক্ষ, হলিফ্যামিলি রেড ক্রিসেন্ট মেডিকেল কলেজ ডেন্টাল ইউনিট........কলেজ, (উক্ত বিজ্ঞপ্তিটি আপনার প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে দেওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাইতেছে)
০৩। উপাধ্যক্ষ, ঢাকা ডেন্টাল কলেজ, মিরপুর-১৪, ঢাকা-১২০৬।
০৪। ডাঃ..............................................................,ঢাকা ডেন্টাল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
০৫। পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল, ঢাকা।
০৬। নোটিশ বোর্ড (সকল), ঢাকা ডেন্টাল কলেজ ও হাসপাতাল, ঢাকা।
০৭। দপ্তর নথি

(অধ্যাপক ডাঃ মোহাম্মদ বোরহান উদ্দিন হাওলাদার)
পরিচালক ও সভাপতি
পি,জি,টি ভর্তি কমিটি জুলাই/২০২১ইং
ঢাকা ডেন্টাল কলেজ হাসপাতাল,মিরপুর-১৪,ঢাকা-১২০৬।